

## ওবামা বলিষ্ঠ নন


ওয়াশিংটনভিত্তিক বিশ্বখ্যাত গবেষণা প্রতিষ্ঠান পিউ রিসার্চ সেন্টারের নতুন জরিপ অনুসারে, যুক্তরাষ্ট্রের অধিকাংশ জনগণ মনে করেন



প্রেসিডেন্ট বারাক ওবামা জাতীয় নিরাপত্তা এবং পররাষ্ট্রনীতির ক্ষেত্রে 'বলিষ্ঠ ভূমিকা রাখতে পারছেন না'। জরিপে দেখা গেছে, ৫৪ শতাংশ প্রাপ্তবয়স্ক মার্কিনি মনে করেন, ওবামা বলিষ্ঠ ভূমিকা রাখতে পারছেন না। মাত্র ৩ শতাংশ মনে করেন ওবামা বলিষ্ঠ। ইউএস টুডে'র সঙ্গে

যৌথভাবে চালানো এই জরিপ আরো বলছে, ৬৫ শতাংশ মনে করেন, পৃথিবীটা বিপজ্জনক হয়ে গেছে। মাত্র ৭ শতাংশ মনে করেন পৃথিবী আগের চেয়ে নিরাপদ।

## সূর্যের শক্তি-রহস্য



যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস বিশ্ববিদ্যালয়ের একদল বিজ্ঞানীর দাবি, তারা সূর্যের প্রাণশক্তির উৎস খুঁজে পেয়েছেন। তারা নিশ্চিত হয়েছেন কীভাবে সূর্য তার ৯৯ শতাংশ শক্তি উৎপাদন করে। বিখ্যাত 'ন্যাচার' পত্রিকায় প্রকাশিত এক প্রতিবেদনে তারা সে রহস্যের ব্যাখ্যা দিয়েছেন। তাদের দাবি, এক ধরনের

অতিপারমাণবিক কণা (সাবএটমিক পার্টিকেল) সূর্যের শক্তির প্রধান উৎস। এই কণার নাম 'পিপি নিউট্রিনোস'। সূর্যের কেন্দ্রস্থলে সংঘটিত প্রোটন-প্রোটন সম্মিলনের মাধ্যমেই এই কণা উৎপন্ন হয়।



## একটি প্রতিবাদী এপিটাফ

স্প্যানিশ সংগীতশিল্পী মারিয়া বেনজারানো মার্টিনের এপিটাফ যেন স্প্যানিশ সরকারের প্রতি বৃদ্ধাঙ্গুলিও দেখাচ্ছে। তার এপিটাফে লেখা, 'মন্তোরো...এখন এসো তোমার টাকা নিয়ে যাও।' মন্তোরো হলেন স্পেনের অর্থমন্ত্রী। মন্তোরোর সময়েই পাবলিক ট্যাক্স বৃদ্ধি ও ব্যয় সঙ্কোচন নীতি অবলম্বন করা হয়, ব্যবসায়ীরা তখন ক্ষতির মুখে পড়ে। সাংস্কৃতিক অনুষ্ঠানাদিতেও ট্যাক্স বাড়ানো হয়। বেনজারানোর মতো শিল্পীরাও এর শিকার হন। মৃত্যুর আগে তিনি তার এপিটাফের কথাগুলো লিখে রেখে যান। এই শিল্পী ৬৬ বছর বয়সে ২০১৩ সালে মারা যান।

## ২ হাজার ৭শ বছরের পুরনো ফিনিশীয় জাহাজ

৭০০ খ্রিস্টপূর্বাব্দে মাল্টা দ্বীপের আশপাশে এসে একটি ফিনিশীয় জাহাজ ডুবে গিয়েছিল। জাহাজটির কোনো হদিস মেলেনি। সেই প্রায় ২ হাজার ৭শ বছরের পুরনো জাহাজডুবির



ঘটনা আবারো আলোচনায় এসেছে। জাহাজটি খুঁজে পেয়েছে একটি আন্তর্জাতিক গবেষক দল। মাল্টা বিশ্ববিদ্যালয়ের সামুদ্রিক প্রত্নতাত্ত্বিকরা গবেষণায় নেতৃত্ব দিয়েছেন। ভূমধ্যসাগরে খুঁজে পাওয়া এটিই এখন সবচেয়ে পুরনো জাহাজের ধ্বংসাবশেষ। জাহাজটি ৫০ ফুট লম্বা। মাল্টার গোজো দ্বীপের কাছেই প্রায় ৪শ ফুট পানির নিচে এটির সন্ধান মিলেছে। জাহাজটি ভূমধ্যসাগরের প্রায় ৭শ বর্গফুট জায়গা জুড়ে অবস্থান করছে।



## জ্যাফের ডাবল বিশ্বরেকর্ড

বিশ্বের এ সময়ের সবচেয়ে আলোচিত ছোট্ট ও আদুরে কুকুরটির নাম জ্যাফ। ফেসবুকে তার লাইকের সংখ্যা ১৩ লাখ। ক্যালিফোর্নিয়া নিবাসী এই কুকুর শুধু সামনের পায়ে ভর করে অন্য সব কুকুরের চেয়ে দ্রুতগতিতে হাঁটতে পারে। আবার শুধু পেছনের পায়ে ভর করেও সবচেয়ে দ্রুত হাঁটতে পারে। পেছনের পায়ে ভর করে একটানা ৬ দশমিক ৫৬ সেকেন্ড হেঁটে একবার এবং শুধু সামনের পায়ে ভর করে ৭ দশমিক ৭৬ সেকেন্ড হেঁটে দ্বিতীয়বার বিশ্বরেকর্ড তৈরি করেছে। গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস কর্তৃপক্ষ জ্যাফকে শুধু স্বীকৃতিই দেয়নি, প্রতিষ্ঠানের ৬০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বের হওয়া বইয়েও জ্যাফের কীর্তির উল্লেখ থাকছে।

-সুদীপ্ত সালাম